

**হযরত শাহজালাল (রহ.) মাজার শরীফ
সিলেট**

নিয়োগ বিজ্ঞপ্তি

পদের নাম : হিসাবরক্ষক

পদ সংখ্যা : ০১ (এক)

চাকরির ধরন : চুক্তিভিত্তিক

বয়সসীমা : ৩৫-৪০ বছর

বেতন : আলোচনা সাপেক্ষে

আবেদনের শেষ তারিখ : ১৫ অক্টোবর ২০২৬ খ্রি.

আবেদনের শর্তাবলী:

- শুধুমাত্র বাংলাদেশের নাগরিক এবং ইসলাম ধর্মের বাস্তব অনুসারী পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও বায়োডাটা (মোবাইল নম্বরসহ) জমা দিতে হবে।
- সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের ফটোকপি জমা দিতে হবে।
- আবেদন জেলা প্রশাসক, সিলেট ও আহবায়ক, হযরত শাহজালাল (রহ.) মাজার শরীফ পরিচালনা কমিটি, সিলেট বরাবরে প্রেরণ করতে হবে এবং
- আবেদনপত্র আবশ্যিকভাবে আগামী ১৫ অক্টোবর ২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়, সিলেটে জমা দিতে হবে।

শিক্ষাগত যোগ্যতা:

- স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে বাণিজ্য বিভাগে ন্যূনতম ২য় শ্রেণিতে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে।

অভিজ্ঞতা :

- প্রশাসনিক/ব্যবস্থাপনা কাজে ন্যূনতম ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- আয়-ব্যয়, ক্যাশবুক, লেজার, ভাউচার, ব্যাংক হিসাব ও দৈনিক হিসাব সংরক্ষণে দক্ষ হতে হবে।
- MS Word, MS Excel এবং হিসাব সংক্রান্ত সফটওয়্যার পরিচালনায় দক্ষ হতে হবে।

অন্যান্য যোগ্যতা :

- সরকারি/স্বায়ত্তশাসিত/ধর্মীয় প্রতিষ্ঠানে হিসাব পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

কার্যপরিধি :

- হিসাবরক্ষক পদের কার্যপরিধি ও দায়িত্ব চুক্তির শর্ত দ্বারা নির্ধারিত হবে।

অন্যান্য শর্তাবলী :

- নির্বাচিত প্রার্থীকে কর্তৃপক্ষের নির্ধারিত নিয়ম-কানুন মেনে চলতে হবে।
- অসম্পূর্ণ বা ভুল তথ্যসম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- কোনো কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ যেকোনো আবেদন গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- লিখিত পরীক্ষা এবং সাক্ষাৎকারের মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশ নেওয়ার জন্য প্রার্থীদের কোনো প্রকার যাতায়াত ভাতা (Travel Allowance - TA) বা দৈনিক ভাতা (Daily Allowance - DA) দেওয়া হবে না।

তারিখ : ২৮ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.



আবদুল্লাহ আল মামুন
জেলা প্রশাসক, সিলেট

ও

আহবায়ক

হযরত শাহজালাল (রহ.) মাজার শরীফ পরিচালনা কমিটি, সিলেট